



বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ইনোভেশন টিম।



...

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)
সভার তারিখ	২০ জানুয়ারি ২০২১
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, প্রধান কার্যালয়, বিজিএফসিএল
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি, উপস্থিত বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত সভার আলোচ্যসূচী অনুযায়ী বিজিএফসিএল'র উপ-মহাব্যবস্থাপক (পিজিএফএম) ও কমিটির সদস্য-সচিবকে উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা করার আহবান জানানো হয়।

১। সভায় বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়ন অগ্রগতি ও অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তৈরি সংক্রান্ত বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়।

আলোচনা-১ :

বিজিএফসিএল'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ এবং সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ১ দিনের একটি সেমিনার/কর্মশালা এবং ২ দিনের একটি প্রশিক্ষণ কার্যক্রম যথাক্রমে ২৮ অক্টোবর ২০২০ ও ২-৩ নভেম্বর, ২০২০ তারিখে অনলাইনে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তবে কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কর্মসূচিটি প্রাণবন্ত ও ফলপ্রসূ করার লক্ষ্যে বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ সকল স্বাস্থ্যবিধি মেনে অনলাইনের পরিবর্তে সশরীরে করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ ছাড়া শিক্ষা সফর/নলেজ শেয়ারিং বিষয়েও বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক ২দিনের প্রশিক্ষণটি সকল স্বাস্থ্যবিধি মেনে এটুআই এর রিসোর্স পারসন দ্বারা আগামী মার্চ, ২১ মাসে আয়োজনের ব্যবস্থা গ্রহণ। এছাড়া নলেজ শেয়ারিং এর জন্য বিজিএফসিএল'র ইনোভেশন টিম এর জন্য আগামী ফেব্রুয়ারি, ২১ মাসে শিক্ষা সফরের ব্যবস্থা গ্রহণ করা।

আলোচনা-২ :

উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদানসহ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আগামী মে, ২১ মাসে উদ্ভাবকগণকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ এবং বিজিএফসিএল'র ইনোভেশন টিম কর্তৃক এ যাবত বাস্তবায়িত সকল সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়ার তালিকা লিফলেট আকারে প্রকাশনা করা।

আলোচনা-৩ :

বার্ষিক কর্মপরিকল্পনার প্রস্তাবিত ৩টি উদ্ভাবনী আইডিয়া - ক) গ্রুপ কন্ট্রোলারের মাধ্যমে লিফট পরিচালন ব্যবস্থা চালু করা; খ) ডিজিটাল পদ্ধতিতে তৃতীয় পক্ষীয় কার্যাদেশের বিল পরিশোধের ব্যবস্থা প্রবর্তন করা এবং গ) ওয়েববেইজড সিস্টেমের

মাধ্যমে দৈনিক গ্যাস উৎপাদন ও বিক্রয় প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ করা বিষয়ে আলোচনা করা হয়। এ সময় ওয়েববেইজড সিস্টেমের মাধ্যমে দৈনিক গ্যাস উৎপাদন ও বিক্রয় প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ বিষয়ক অ্যাপস/সফটওয়্যার ডেভেলপার জনাব আবদুল্লাহ মো: সোহেল রানা, উপ-ব্যবস্থাপক (উৎপাদন) তিতাস-দক্ষিণ এ সংক্রান্ত একটি প্রেজেন্টেশন দেন এবং বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এ প্রস্তাবিত উদ্ভাবনী ৩টি আইডিয়া ইতিমধ্যে বাস্তবায়ন ও প্রয়োগের বিষয়টি কোম্পানির সংশ্লিষ্ট সকলকে অবগত/পরিচিতির ব্যবস্থা গ্রহণ করা এবং পরবর্তীতে আরও আপগ্রেডেশন করা।

আলোচনা-৪ :

কর্মপরিকল্পনার অংশ হিসেবে ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন এবং ন্যূনতম একটি সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

কোম্পানিতে ডিজিটাল ওয়ার্কআউট সিস্টেম চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় অ্যাপস/সফটওয়্যার তৈরির বিষয়টি যথাসময়ে সম্পন্ন করতে হবে। এছাড়া পরবর্তী অর্থবৎসরের কর্মপরিকল্পনার জন্য অত্র কোম্পানির কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতা অনুযায়ী প্রতিটি বিভাগ হতে ন্যূনতম একটি করে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের উদ্যোগ গ্রহণ।

২। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)


স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৬১৬.১৯.০০২.১৯.২

তারিখ: ১১ মাঘ ১৪২৭

২৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
- ২) সকল সদস্য, ইনোভেশন কমিটি, বিজিএফসিএল।



মোঃ আবদুর রফিক প্রামানিক

উপ-মহাব্যবস্থাপক (পিজিএফএমটি)